

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

২৯ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৩ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.০৭৭.২৪.১৫৪৫

বিষয়: ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন ১৪৮০২০১-খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অর্থনৈতিক কোড-৪১২৪১০১-চাল ক্রয় খাতে অর্থ বরাদ্দ প্রদান।

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী-এর স্মারক নং-১৫৫৬, তারিখ-০৮.০৮.২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন ১৪৮০২০১- খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অপারেশন কোড নং-১২০০০২৬০৫ এর অন্তর্গত অর্থনৈতিক কোড নং-৪১২৪১০১-চাল ক্রয় খাতে নীলফামারী জেলার নিম্নোক্ত উপজেলা খাদ্য নিয়ন্ত্রক-এর দপ্তরসমূহের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ থেকে গত অর্থবছরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধ করা যেতে পারে।

ক্র: নং	অর্থনৈতিক কোড নং	খাতের নাম	উপজেলার নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
১	৪১২৪১০১	চাল ক্রয়	নীলফামারী সদর	৭,০০,০০,০০০ (সাত কোটি) টাকা
২			জলঢাকা	৫,৭৪,১৫,৯০০ (পাঁচ কোটি চুয়াত্তর লাখ পনেরো হাজার নয়শত) টাকা
৩			কিশোরগঞ্জ	২,৭০,৩১,৫০০ (দুই কোটি সত্তর লাখ একত্রিশ হাজার পাঁচশত) টাকা
মোট				=১৫,৪৪,৪৭,৪০০(পনেরো কোটি চুয়াল্লিশ লাখ সাতচল্লিশ হাজার চারশত) টাকা

এই বরাদ্দ ব্যবহারে নিম্নোক্ত শর্তাবলি/নিয়মাবলি পালন করতে হবে।

(ক) এই ব্যয় ২০২৪-২৫ অর্থবছরের সংশ্লিষ্ট খাত হতে মিটানো হবে।

(খ) এই অর্থ সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণে ব্যয় করতে হবে।

পত্রটি পৃষ্ঠাংকনপূর্বক সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৩-০৮-২০২৪

মোঃ আব্দুস সালাম  
পরিচালক (চলতি দায়িত্ব)

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.০৭৭.২৪.১৫৪৫/১ (৭)

২৯ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৩ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নীলফামারী। বরাদ্দ পত্রটির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো;
- ৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নীলফামারী;
- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জলঢাকা/কিশোরগঞ্জ/নীলফামারী সদর, নীলফামারী;
- ৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জলঢাকা/কিশোরগঞ্জ, নীলফামারী এবং
- ৭। অফিস কপি/মাস্টার কপি।



১৩-০৮-২০২৪

মোঃ শেখ আসাদুজ্জামান  
সহকারী উপপরিচালক